

স্মারক নং: ৩৪.০১.০০০০.০৩৮.৪২.১৭৭.২০১৫- ৬৬৬

তারিখ: ১৬ ভাদ্র, ১৪২৪ বং  
৩০ আগস্ট, ২০১৭ খ্রিঃ


বিষয়: আইএমইডি কর্তৃক প্রেরিত পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ বাস্তবায়ন প্রসঙ্গে।  
সূত্রনং-১। ২১.১৭১.০১৪.০০.০০.৫০৮.২০১৪-৩২৪, তারিখ: ১১/০৫/২০১৭ খ্রিঃ।  
২। ২১.১৭১.০১৪.০০.০০.৫০৮.২০১৪-৩২৫, তারিখ: ১১/০৫/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতি ও যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিনিধি আইএমইডি কর্তৃক যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (২য় পর্যায় -১ম সংশোধিত)" [Integrated Management of Resources for Poverty Alleviation Through Comprehensive Technology (IMPACT) (Phase-2)] শীর্ষক প্রকল্পের আওতাধীন কিশোরগঞ্জ, নীলফামারী এবং দেবীগঞ্জ, পঞ্চগড় উপজেলার কার্যক্রম পরিদর্শনপূর্বক পরিদর্শন প্রতিবেদন দাখিল করেছেন। দাখিলকৃত পরিদর্শন প্রতিবেদনে নিম্নবর্ণিত সুপারিশসমূহ রয়েছে :

নং	সুপারিশ
১৬.১	মূলতঃ ডেইরি/পোল্ট্রি খামারীদের বাড়িতে বায়োগ্যাস প্লান্ট স্থাপনের উদ্যোগ নিতে হবে। উপকরণ প্রাপ্তির ওপর প্লান্টের আকার/সাইজ নির্ভর করে। তাই প্লান্টের উৎপাদন ক্ষমতা এবং প্লান্ট হতে উৎপাদিত গ্যাসের বহুবিধ ব্যবহার(রান্না ও বিদ্যুৎ উৎপাদন) অক্ষুন্ন রাখার লক্ষ্যে প্লান্ট স্থাপনের মূল উপকরণ/কার্টামাল প্রয়োজনীয় পরিমাণে সরবরাহ/প্রাপ্তি নিশ্চিত করার বিষয়ে প্লান্ট স্থাপনকারীর সক্ষমতানিবিড়ভাবে পর্যবেক্ষণ করতে হবে;
১৬.২	প্রকল্পের আওতায় বায়োগ্যাস প্লান্ট স্থাপনে উৎসাহ প্রদানের লক্ষ্যে প্লান্ট স্থাপনের সময় তাদের সবাইকে সাবসিডি প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে;
১৬.৩	ঋণের টাকা যথাযথ এবং কার্যকরভাবে ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে প্লান্ট স্থাপনের সময় ভবিষ্যতে প্লান্ট স্থাপন ব্যয়ের সাথে সামঞ্জস্য রেখে ঋণ প্রদানের বিষয়টি বিবেচনা করা যেতে পারে। এতে ঋণ হ্রাসের সংখ্যা আরো বৃদ্ধি পাবে;
১৬.৫	আলোচ্য প্রকল্পের আওতায় উপজেলাওয়ারী প্লান্ট স্থাপনকারী সবার বিস্তারিত তথ্য উপজেলা প্রকল্প অফিসে এবং প্রকল্প পরিচালকের দপ্তরে যথাযথভাবে সংরক্ষণ করতে হবে এবং স্থাপিত প্লান্টের গায়ে প্লান্টের ক্রমিক নং এবং বাস্তবায়নকারি সংস্থার নাম উল্লেখ্য করতে হবে। এর ফলে যে কোন সময় সংশ্লিষ্ট যে কোন কর্মকর্তা এ বিষয়ে তাত্ক্ষনিক তথ্য পেতে পারে এবং প্রকল্প চলাকালীন সময়ে/ সমাপ্তির পর প্লান্ট স্থাপনের তথ্য যাচাইকরণে সুবিধা হবে;
১৬.৬	প্রকল্প এলাকার যে সব উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত "উত্তর বংগের ৭টি জেলায় বেকার যুবদের কর্মসংস্থান এবং আত্মকর্মসংস্থানের সুযোগ (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের (কার্যক্রমঃ গাভীপালন ও পণ্ড মোটা তাজাকরণ, পোল্ট্রি খামার বিষয়ে প্রশিক্ষণ প্রদান ও ঋণ বিতরণের মাধ্যমে স্বালম্বী করা) আওতাভুক্ত ছিল সেসব এলাকায় গঠিত কেন্দ্রগুলোতে ওরিয়েন্টেশন কার্যক্রমের মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের কার্যক্রম/সুবিধা (জৈবসার উৎপাদন, ধোয়াহীন, আরামদায়ক, স্বাস্থ্যসম্মত এবং সময় সশ্রমী রান্নার সুযোগ, বায়োগ্যাস প্লান্টের মাধ্যমে রান্না এবং প্লান্টে পচনশীল বর্জ্যের যথাযথ ব্যবহারের মাধ্যমে দুগ্ধমুক্ত পরিবেশ সৃষ্টি ইত্যাদি) সম্পর্কে ব্যাপক প্রচারনার ব্যবস্থা করতে হবে। এদেরকে এ প্রকল্পে সমন্বয় করতে পারলে অগ্রগতি আরও বাড়বে।
১৬.৭	প্রকল্প বাস্তবায়নের কার্যক্রম/সুবিধা(গ্যাস ও বিদ্যুৎ উৎপাদন কাজে প্লান্টের ব্যবহার, সাবসিডি এবং ঋণ কার্যক্রম) এবং বাস্তবায়নোত্তর সুবিধা(জৈব সার উৎপাদন, ধোয়াহীন, আরামদায়ক, স্বাস্থ্যসম্মত এবং সময় সশ্রমী রান্নার সুযোগ, বায়োগ্যাস প্লান্টের মাধ্যমে রান্না এবং প্লান্টের পচনশীল বর্জ্যের যথাযথ ব্যবহারের মাধ্যমে দুগ্ধমুক্ত পরিবেশ সৃষ্টি ইত্যাদি), সম্পর্কে ব্যাপক প্রচারনার(প্রকল্প অফিসের সামনে গোচরীভূত এলাকায় সাইনবোর্ড, যুব প্রশিক্ষনে এবং বিভিন্ন যুব সমাবেশে এ সম্পর্কে ধারণা প্রদান ও সচেতনতা বৃদ্ধির মাধ্যমে) ব্যবস্থা করতে হবে।

০২ : এমতাবস্থায়, উপরোক্ত সুপারিশসমূহ দ্রুত বাস্তবায়ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রাপক  
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা  
যুব উন্নয়ন অধিদপ্তর  
-----৬৬টি উপজেলা,  
-----জেলা।

  
(মোঃ আমির হামিদ খান)  
প্রকল্প পরিচালক  
ইমপ্যাক্ট (ফেজ-২) প্রকল্প  
ফোন/ফ্যাক্স-৯৫৮৮৩৯২।

E-mail: pdimpactphase2dyd@gmail.com

অনুরূপি সদয় অবগতি ও কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ২। যুগ্ম-সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, -----(সংশ্লিষ্ট) জেলা।
- ৪। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (পত্রটি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
- ৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৬। অফিস কপি।